# শিগগিরই শেষ হতে পারে ইরান যুদ্ধ: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে চলমান যুদ্ধ খুব শিগগিরই শেষ হতে পারে বলে আশাবাদ ব্যক্ত করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একই সঙ্গে হরমুজ প্রণালি পুনরায় চালু করতে তেহরানের সঙ্গে একটি সমঝোতায় পৌঁছানোর সম্ভাবনার কথাও জানান তিনি।

বৃহস্পতিবার (৬ আগস্ট) হোয়াইট হাউসের ওভাল অফিসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, তার বিশ্বাস যুদ্ধ আর দীর্ঘায়িত হবে না। উভয় পক্ষই সংঘাতের অবসানের দিকে এগোচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার বিষয়ে কোনো আনুষ্ঠানিক চুক্তি হয়েছে কি না—এমন প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, এখনই এটিকে আনুষ্ঠানিক চুক্তি বলা যাবে না। তবে প্রণালিটি কার্যত অনেকটাই উন্মুক্ত রয়েছে বলে দাবি করেন তিনি। একই সঙ্গে সেখানে ইরানের হামলা বা মাইন পেতে রাখার আশঙ্কার কথাও উল্লেখ করেন।

ইরানের সঙ্গে কূটনৈতিক যোগাযোগ অব্যাহত রয়েছে জানিয়ে ট্রাম্প বলেন, আলোচনায় ইতিবাচক অগ্রগতি হচ্ছে এবং অদূর ভবিষ্যতে একটি সমঝোতা হতে পারে।

এর আগে বুধবার নেভাদায় এক অনুষ্ঠানে ট্রাম্প বলেন, যুক্তরাষ্ট্র একদিকে সামরিক অভিযান চালালেও তার প্রধান লক্ষ্য কূটনৈতিক উপায়ে সংকটের সমাধান করা। তিনি জানান, অপ্রয়োজনীয় প্রাণহানি চান না বলেই আলোচনার পথকে অগ্রাধিকার দিচ্ছেন। তবে ইরানকে কখনোই পারমাণবিক অস্ত্র অর্জনের সুযোগ দেওয়া হবে না বলেও সতর্ক করেন তিনি।

এর আগে ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারেও ট্রাম্প দাবি করেন, ওয়াশিংটন ও তেহরানের মধ্যে যোগাযোগ অব্যাহত রয়েছে। যদিও ইরানি কর্মকর্তারা এমন আলোচনা অস্বীকার করেছেন। এরপরও ট্রাম্পের ভাষ্য, ইরান শেষ পর্যন্ত একটি সমঝোতায় পৌঁছাতে আগ্রহী।